# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাক্স নং-৩২৫
ঢাকা ।

সূত্র নং-এফআরটিএমডি(পিডিএস)-১৩৫/২০০৩-১৩১২ তারিখ ঃ ১১/১২/২০০৩

সকল তফসিলী ব্যাংক/লাইসেন্স প্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**৫ বছর ও ১০ বছর মেয়াদী বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারী বন্ডের নিলাম নোটিশ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১০/৯/২০০৩ তারিখের নং এমএফ/আইআরডি/সেভিংস/এস—১০/২০০৩/৩০৩ নোটিফিকেশনে জারীকৃত বিধিমালা (অনুলিপি সংযোজিত) মোতাবেক নতুন ৫ ও ১০ বছর মেয়াদী বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারী বন্ডের প্রথম নিলাম আগামী ২৮শে ডিসেম্বর,২০০৩ তারিখে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত হবে । কাগজী স্ক্রীপ বিহীন বুক এন্ট্রি ব্যবস্থায় ইস্যুকৃত এই বন্ডদ্বয়ের ইস্যু পরবর্তী সেকেন্ডারী মার্কেট ক্রয় বিক্রয় সরকারী সিকিউরিটিজ এর প্রাইমারী ডিলারের ভূমিকায় নিয়োগপ্রাপ্ত ৮ টি ব্যাংক ( সোনালী ব্যাংক, অগ্রনী ব্যাংক, জনতা ব্যাংক, প্রাইম ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ, যমুনা ব্যাংক লিঃ , সাউথইষ্ট ব্যাংক লিঃ, ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ) এবং ১টি আর্থিক প্রতিষ্ঠানের (ইন্টারন্যাশনাল লিজিং এ্যান্ড ফাইনান্সিয়াল সার্ভিসেস লিঃ) মাধ্যমে সম্পাদিত হবে ।

নতুন বন্ডদ্বয়ের প্রধান প্রধান বৈশিষ্ট্য ও এগুলোর জন্য নিলামে অংশগ্রহনের পদ্ধতি নীচে সংক্ষেপে উল্লেখিত হলো, বিশদতর তথ্যের জন্য ১০-৯-২০০৩ তারিখের প্রাগুক্ত নোটিফিকেশন দ্রষ্টব্য ।

| | | |
|---|---|---|
| ক. | নিলামের জন্য প্রস্তাবিত পরিমান | ঃ ৫ ও ১০ বছর মেয়াদী বন্ডদ্বয়ের প্রতি মেয়াদের জন্য অনধিক মোট ১০০ কোটি টাকা অভিহিত মূল্য । |
| খ. | মূল্যমান | ঃ একলক্ষ টাকা বা এক লক্ষ টাকার গুনিতক অংকের অভিহিত মূল্য । |
| গ. | কুপন মুনাফার হার ও পরিশোধ সময়কাল | ঃ ৫ বছর মেয়াদী বন্ডের জন্য বার্ষিক ৭.৫ শতাংশ এবং ১০ বছর মেয়াদী বন্ডের জন্য বার্ষিক ৮.৫ শতাংশ হারে কুপন মুনাফা ষাধ ািসক ভিত্তিতে প্রযোজ্য কর কর্তন সাপেক্ষে পরিশোধ্য । |
| ঘ. | বন্ড ক্রয়ের যোগ্য পক্ষ, হস্তান্তর যোগ্যতা | ঃ ভবিষ্য তহবিল, জীবনবীমা কোম্পানী, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসহ সকল প্রাতিষ্ঠানিক বা ব্যক্তিগত বিনিয়োগকারী । প্রাইমারী ডিলারদের মাধ্যমে অবাধে ক্রয়বিক্রয় ও হস্তান্তর যোগ্য । |
| ঙ. | অনিবাসী পক্ষের ক্রয়ের বিষয়ে বিশেষ শর্ত | ঃ অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে পরিচালিত অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসাবের স্থিতি থেকে ক্রয়মূল্য পরিশোধ্য হবে । ক্রয়ের এক বছরের মধ্যে বাংলাদেশে নিবাসী কোন পক্ষের কাছে বিক্রয়যোগ্য হবে না, তবে অন্য অনিবাসীর কাছে অবাধে বিক্রয়যোগ্য হবে । করোত্তর কুপন মুনাফা এবং বিক্রয়মূল্য বৈদেশিক মুদ্রায় বিদেশে অবাধে প্রেরণ যোগ্য হবে । |
| চ. | নিলামে অংশগ্রহন পদ্ধতি | ঃ সরকারী সিকিউরিটিজ এর প্রাইমারী ডিলারের ভূমিকায় নিয়োগপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসহ বাংলাদেশ ব্যাংকের সংগে চলতি হিসাব পরিচালনাকারী যে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান নিজস্ব খাতে বা তাঁদের ব্যক্তি/প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী গ্রাহকদের পক্ষে বিড দাখিল করবেন । |

প্রতি ১০০.০০ টাকা অভিহিত মূল্যের (face value) জন্য প্রিমিয়াম/পার/ডিসকাউন্টে বন্ডের প্রস্তাবিত ক্রয়মূল্য (offer price) উল্লেখসহ মোট অভিহিত মূল্য উদ্ধৃত করে (সংযোজিত ছক মোতাবেক) সীলড বিড আগামী ২৮/১২/২০০৩ তারিখ সকাল ১০-০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস এর মহাব্যবস্থাপক মহোদয়ের কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে । একই দিনে অপরাহ্ন ১-৩০ ঘটিকায় নিলাম অনুষ্ঠিত হবে এবং অপরাহ্ন ৩-০০ ঘটিকায় ফলাফল ঘোষিত হবে। ভিন্ন ভিন্ন মেয়াদী বন্ডের জন্য পৃথক বিড দাখিল করতে হবে । উল্লেখ্য যে, বন্ড ক্রয়ের জন্য বিডটিকেই বিড দাখিলকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকের সংগে পরিচালিত হিসাব বিকলনের ক্ষমতাপত্র (authority) হিসাবে বিবেচনা করা হবে । এপ্রেক্ষিতে বিডগুলো বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি হিসাব পরিচালনাকারী কর্মকর্তাদের স্বাক্ষরে/প্রতিস্বাক্ষরে প্রেরণ করার জন্য দরদাতাগনকে অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বেলায়েত হোসেন)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৫৭
ফ্যাক্স ঃ ৭১২০৩৩৬